

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫৩২

তারিখ: ২৬ আগস্ট ২০১৯


- বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের জুলাই ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১৮ আগস্ট ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি শুরুতে পবিত্র ঈদ-উল-আযহা এর ছুটি শেষে সভায় উপস্থিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ঈদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত।	পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ায় নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	প্রবাসী কর্মীদের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য অন্তর্ভুক্ত করণ।	প্রবাসীদের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য হওয়ার জন্য সংশ্লিষ্ট দেশের দূতাবাস/মিশনসমূহে অনলাইনে আবেদনপূর্বক নির্দিষ্ট পরিমাণ ফি প্রদান করে নিবন্ধন করা হয়। বিদেশে কর্মরত কর্মীগণ মিশন হতে বহু দুরে কর্মস্থল হওয়ায় মিশনে গিয়ে নিবন্ধন করা সম্ভব হয় না। প্রবাসীদের অনুরোধের প্রেক্ষিতে এ সকল কর্মীগণ দেশে আসলে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা যায় কিনা এ বিষয়ে আলোচনা হয়।	প্রবাসী কর্মীগণ দেশে আসলে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা যায় কিনা এবং তা বাস্তব সম্মত হবে কিনা এ বিষয়ে আইটি শাখার সিস্টেম এ্যানালিস্ট জনাব মামুন অর রশিদ এর মতামত গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (আইআরপি)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৩.০	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক বিদেশগামী কর্মীর বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড যাচাইয়ান্তে পাসপোর্টে সীল ও স্বাক্ষর প্রদান।	বিদেশ গমনের প্রাক্কালে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ধার্যকৃত কল্যাণ ফি ও স্মার্ট কার্ড গ্রহণ করে বৈধভাবে বিদেশ গমন করছে কিনা তা পরীক্ষা করার জন্য বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কের কর্মকর্তাগণ বর্তমানে কর্মীর ইনভোকেশন কার্ড (ইডি) এর বিপরীতে সীল ও স্বাক্ষর করে প্রত্যয়ন হয়। এ বিষয়ে আরো স্বচ্ছতা ও স্থায়ী প্রমাণস্বরূপ বিদেশগামী কর্মীর বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড যাচাইয়ান্তে পাসপোর্টের শেষাংশে সীল ও স্বাক্ষর প্রদানের সুযোগ রাখা হলে সংশ্লিষ্ট কর্মী কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সুবিধা প্রদানে আরো সহজিকরণ হবে মর্মে সভায় আলোচনা হয়।	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক বিদেশগামী কর্মীর বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড যাচাইয়ান্তে পাসপোর্টের শেষাংশে সীল ও স্বাক্ষর প্রদানের নিমিত্ত তা অনুমোদনের জন্য মন্ত্রণালয় পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), -----
- ৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ প্রশাসন ও উন্নয়ন) / (আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১৩। মাষ্টার নথি/২০১৯।